সামুইল মারশাক
চিড়িয়াখানার খোকাখুকু
'রাদুগা' প্রকাশন
মস্কো

সামুইল মারশাক
চিড়িয়াখানার খোকাখুকু
অনুবাদ: ননী ভৌমিক
ছবি এ'কেছেন ইয়েভগেনি চারুশিন
'রাদুগা' প্রকাশন
মস্কো

হাতি

হাতি পেল জুতো একজোড়া।
দেখে বলে, ‘তা, চলবে ঘোরা!
শুধু গোদা পায়ে যাবে ফাটি,
চাই দুই নয়, চার পাটি।’

জিরাফ

ফুল তোলা সেটা কী এমন,
খোকা বেড়ে ওঠে নি যখন।

অতটা লম্বা যদি হয়,
তার কাছে মোটে সোজা নয়।

বাঘের বাচ্চা

ওহে সরে যাও, রাখো আড়াল —
বাঘের বাচ্চা, নই বেড়াল!

পেঙ্গুয়িন ছানা

দু'ভাই আমরা, সবে ডিম থেকে
বেরিয়েছি দুই খোলা ফেলে রেখে।
কী জাত মায়ের? হদিস পাই নে।
খুঁজব কোথায়? বাঁয়ে কি ডাইনে?

কাউকে আমরা চিনি না এখানে,
কী পাখি আমরা, ভগবান জানে।
উটপাখি? হাঁস? ময়ূর রঙিন?
বুঝেছি! আমরা কচি পেঙ্গুয়িন।

মাগো বাঁদর

নাবিক গেল আফ্রিকাতে।
সেখান থেকে আনলে ধরে
সাবধানে, না পালায় যাতে,
বাচ্চা বাঁদর খাঁচায় করে।

বাঁদর হলেও নিজের দেশ
পড়ে তো মনে, এটা তো জেল।
রোজ সকালে তবুও বেশ
খাচ্ছে কড্ লিভার তেল।

জেব্রা

ডোরাকাটা এ ঘোড়া
আফ্রিকার ঘোড়া,
মজায় আছিস তোরা,
খেলিস লুকোচুরি।

নয়কো তেমন যা-তা —
লাইন টানা খাতা,
চার পা থেকে মাথা —
রইল বাকি খুরই।

হাতি

আফ্রিকাতে গোদা হাতি
গা ধুচ্ছে তার নাতি।

ধুল মাথা শুঁড় ঘুরিয়ে,
টবের জল গেল ফুরিয়ে।

তেমন হয় হাতি যদি
ফুরিয়ে যাবে গোটা নদী।

সরিয়ে নাও
টব তোমার,
চাই সাগরের
ভরা জোয়ার!

সিংহ-শিশু

চেনো আমাদের বাবাকে —
পাটকিলে রঙ, পশুরাজ?
ইয়া বড়ো বড়ো থাবা কী,
মাথা ভরা কেশরের সাজ!

শুনেছ কী তার গর্জন!
ছাড়িয়ে গরুর চামড়া
মাংস সে খায় আধমন,
চুক্‌চুক্‌ দুধ আমরা।

উট

ছোট্ট উট বাধ্য,
জোটে না তবু খাদ্য।

আজ খেয়েছে মাত্র
এমনি দুই পাত্র।

শাদা ভালুক

জলাধার বটে একখান,
দু'ভাইয়ে আমরা করি চান

ঠাণ্ডা টাটকা জলেতে,
জল বদলায় কলেতে।

জল কেটে যাই ওপারে,
কখনো-বা চিত সাঁতারে।

সরে যা, সরে যা ডাইনে,
পা মাড়াবি সেটা চাই নে!

ছোটো উটপাখি

আমি ছোটো এক উটপাখি,
তবু মাথা উঁচু করে রাখি।
কখনো-বা রেগে যাই ভারি,
কড়া-পড়া পায়ে চাঁট মারি।

যদি ভয় পাই, দেব ছুট,
এসো-না আমায় ধরতে।
যাই বলো, আমি নই উট,
শুধু পারি নাকো উড়তে।

ক্যাঙ্গারু

দ্যাখো, দ্যাখো, খেলা ক্যাঙ্গারুর,
অস্ট্রেলিয়ার বাহাদুর।

এ-ওকে ডিঙোবে পরপর,
এসে দেখে যাও সত্বর!

হাঁসের ছা
এক্কেবারে ভিজে যে?
পুকুর-জলে হাঁস-ছা
গেছল নিজে নিজে যে।
দাও গো ওকে গামছা!

এস্কিমো কুকুর

নোটিশ টাঙানো আছে:
'এসো না বিশেষ কাছে!'

মিছে কথা! আমি জানি—
আমি তো শান্ত প্রাণী।

তবুও কেন খাঁচায়
বুঝি নে, বুঝি নে হায়!

পেঙ্গুয়িন

সত্যি আমায় দেখতে ভালো?
বস্তা যেন শাদায় কালো।

হারিয়ে দিতাম দূর সাগরে
সব জাহাজের পাল্লা ধরে।

এখন শুধু ধীরস্থির
রইল পুকুরের তীর।

প্যাঁচার ছানা

দ্যাখো, দ্যাখো, প্যাঁচাদের ছানা
বসে আছে সারি দিয়ে, গজায় নি ডানা।

যখন খায়,
ঘুমায় না।
যদি ঘুমায়,
খায় না।

চিড়িয়াখানায় চড়ুই

— কোথায় সারলে খানা?
— এটা যে চিড়িয়াখানা।

গেছিলাম প্রথমেতে
সিংহের কাছে খেতে।

তারপর শেয়ালের
কাছে খাওয়া গেল ঢের।

হাতি, সারসের গম
খুঁটলাম নয় কম।

গণ্ডার দিল তার
আরো তো কিছু খাবার।

শুধু দে'তো কুমিরটা এই
খেতে চায় আমাকেই!

С. Маршак
ДЕТКИ В КЛЕТКЕ
На языке бенгали

দ্বিতীয় সংস্করণ

সোভিয়েত ইউনিয়নে মুদ্রিত

S. Marshak
BABIES OF THE ZOO
In Bengali

ISBN 5-05-002167-7